



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)  
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.  
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৬ ডিসেম্বর ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

## ধান কাটা ও সংগ্রহে স্বেচ্ছাশ্রম দিয়ে কৃষককে ইউপিডিএফের সহায়তা

‘জনগণের কল্যাণমূলক কাজে আমরা হবো আশ্রয়ান’ এই শ্লোগানকে সামনে রেখে প্রতি বছরের মতো এবারও ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) খাগড়াছড়ি উপজেলা ইউনিটের উদ্যোগে ৮ থেকে ১৫ নভেম্বর ২০১৯ সপ্তাহব্যাপী শীতকালীন ধান কাটা ও সংগ্রহ মৌসুমে কৃষককে স্বেচ্ছাশ্রম দিয়ে সহায়তা প্রদান কর্মসূচী পালন করা হয়েছে।

পার্টি সদস্যরা ভাইবোন ছড়া ও পেরাছড়া ইউনিয়নে কায়িক শ্রম দিয়ে ধান কাটা ও সংগ্রহে অংশগ্রহণ করেন। এতে বেশ কয়েকজন গরীব ও অস্বচ্ছল কৃষক উপকৃত হয়েছেন।

ভাইবোন ছড়া এলাকায় ধান কাটা ও সংগ্রহে কৃষককে সহায়তা প্রদান কর্মসূচির উদ্বোধন করেন ইউপিডিএফ খাগড়াছড়ি উপজেলা ইউনিটের সংগঠক সুকীরণ চাকমা। এ উপলক্ষে তিনি বলেন, ‘ইউপিডিএফ হলো জনগণের পার্টি। একমাত্র এই পার্টিই সুখে দুঃখে ও সংগ্রামে জনগণের পাশে রয়েছে।’

তিনি আরো বলেন যেখানে অন্য পার্টিগুলো এবং বিশেষত তথাকথিত জাতীয় রাজনৈতিক দলের নেতাকর্মীরা জনগণের মাথায় কাঁঠাল ভেঙে খাচ্ছে, জনগণের ঘাড় ভেঙে নিজেদের ব্যক্তিস্বার্থ হাসিল করছে, সেখানে একমাত্র ইউপিডিএফের নেতা কর্মীরাই নিঃস্বার্থভাবে জনগণের কল্যাণ ও মুক্তির জন্য সকল ধরনের দমনপীড়ন মোকাবিলা করে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

অপরদিকে পেরাছড়া এলাকায় ধান কাটা ও সংগ্রহে সহায়তা প্রদান অনুষ্ঠানে উদ্বোধনী বক্তব্য রাখেন ইউপিডিএফ খাগড়াছড়ি উপজেলা সংগঠক প্রকাশ চাকমা।

তিনি বলেন, শাসকগোষ্ঠী মনে করে ইউপিডিএফকে ধ্বংস করা গেলে তবেই পুরো জুম্ম জাতিকে ধ্বংস করা যাবে। সেজন্য তারা ইউপিডিএফকে শেষ করে দেয়ার জন্য মরিয়া হয়ে চেষ্টা চালিয়ে আসছে। কিন্তু ইউপিডিএফ হলো জনগণেরই পার্টি। দীর্ঘ আন্দোলন সংগ্রামের প্রক্রিয়ায় জন্ম নেয়া ও দীর্ঘ লড়াই সংগ্রামে পোড় খাওয়া আমাদের এই পার্টির শেকড় বহু গভীরে প্রথিত। তাই এই পার্টিকে কোন দিন ধ্বংস করা যাবে না।


তিনি আরো বলেন শাসকরা যতই অত্যাচার নিপীড়ন চালাক, তাদেরকে যতই শক্তিশালী মনে হোক, তারা কিন্তু অত্যন্ত দুর্বল, কারণ তারা অন্যায্যকারী। তাই তাদের ষড়যন্ত্র কোনদিন সফল হবে না।

প্রকাশ চাকমা অতীতের মতো ভবিষ্যতেও ইউপিডিএফের ডাকে সাড়া দিয়ে প্রতিরোধ সংগ্রামের মাধ্যমে বিজয় ছিনিয়ে আনার আহ্বান জানান।

তিনি বলেন যখনই এবং যেখানেই ইউপিডিএফ ও জনগণ একমন একপ্রাণ হয়ে কাজ করেছে, সংগ্রাম করেছে, সেখানেই সফলতা এসেছে, বিজয় অর্জিত হয়েছে।

তিনি সকলকে অতীতের সংগ্রামের সাফল্যের ইতিহাস থেকে শিক্ষা ও অনুপ্রেরণা নিয়ে ভবিষ্যতের সংগ্রামের জন্য প্রস্তুত থাকার আহ্বান জানান।

বার্তা প্রেরক



নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।